

যুগান্তর

জাবিতে লোডশেডিংয়ে অনশনরত ছাত্রীদের শ্রীলতাহানি

👤 জাবি প্রতিনিধি

🕒 ০৭ জুন ২০২৩, ১৫:৫০:১৩ | [অনলাইন সংস্করণ](#)



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) রাতের অন্ধকারে অনশনরত সামিউল ইসলাম প্রত্যয়ের ওপর হামলা ও উপস্থিত নারী শিক্ষার্থীদের শ্রীলতাহানির ঘটনা ঘটেছে। লোডশেডিংয়ের সুযোগ নিয়ে শাখা ছাত্রলীগের উপসাহিত্য সম্পাদক গৌতম কুমার দাস ও সদস্য গোলাম রাব্বীর প্রত্যক্ষ নির্দেশে এ ঘটনা ঘটে বলে অভিযোগ পাওয়া গেছে।

মঙ্গলবার রাত ১১টায় বিশ্ববিদ্যালয়ের মীর মশাররফ হোসেন হলের সামনে এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীদের ভাষ্যমতে, রাত ১১টায় লোডশেডিং চলাকালে অন্ধকারে গৌতম কুমার দাস ও গোলাম রাব্বীর (ইংরেজি ৪৫ ব্যাচ) নেতৃত্বে ৫০-৬০ জন ছাত্র প্রত্যয়ের ওপর হামলা চালায়। এ সময় তারা প্রত্যয়কে অনশনে বসা নিয়ে জিজ্ঞাসাবাদ করতে থাকে। এ সময় তারা সেখানে অবস্থানরত প্রগতিশীল আন্দোলনের শিক্ষার্থীদের বলতে থাকে— 'অন্য হলের ছেলেরা এখানে কি করে?' সেখানে উপস্থিত সাংস্কৃতিক জোটের সভাপতি সৌমিক বাগচী, অর্ণব সিদ্দীকী, সিন্ধী নূরকে টানা হেঁচড়া করে। পরে প্রত্যয়ের বিছানা তুলে ফেলে দেয় হামলাকারীরা।

সেখানে ছাত্র ইউনিয়ন জাবি সংসদের সাংগঠনিক সম্পাদক আলিফ মাহমুদ, মাশিয়াত সৃষ্টি, মনিকা নকরেক এবং শারমিন সুরকে হেনস্তা করা হয়।

ভুক্তভোগী সৃষ্টি (মার্কেটিং ৪৭ ব্যাচ) বলেন, হলের সামনে আমরা যখন প্রত্যয়ের অনশনস্থলে গেলাম, সেখানে লোডশেডিং হওয়ার সঙ্গে সঙ্গে ৫০-৬০ জন বিশাল মব সৃষ্টি করে হামলা চালায়। এ সময় আমাকে হেনস্তা করা হয়। প্রশাসনের কেউ সেখানে উপস্থিত ছিল না।

পরে রাত সাড়ে ১১টায় বিদ্যুৎ এলে প্রক্টর ও প্রভোস্ট সেখানে উপস্থিত হন। সাংবাদিকদের প্রশ্নের জবাবে প্রক্টর আ স ম ফিরোজ উল হাসান বলেন, আমি সবার বডিগার্ড না, সবার পাহারাদার না। আমাদের একজন অ্যাসিস্ট্যান্ট প্রক্টর এখানে দাঁড়ানো ছিলেন। কিন্তু একটা মবে আমাদের কি করার আছে এটি একমাত্র এলিয়েন বিশ্ববিদ্যালয়। এখানে কেউ নিয়ম মানে না।

এ বিষয়ে উপাচার্য অধ্যাপক ড. নূরুল আলম বলেন, বুধবার ডিসিপ্লিনারি বোর্ডের সভা বসবে। সভায় আমরা জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেব। আর প্রক্টর ও প্রভোস্টের ব্যাপারে প্রশাসনিক ফোরামে আলোচনা করে সিদ্ধান্ত নেওয়া হবে।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023